

তথ্য কমিশন

প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)
এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

অভিযোগ নং : ৫৮/২০১৬

অভিযোগকারী : জনাব মোঃ মতিউর রহমান
পিতা- নুরুল ইসলাম
গ্রাম-১ নং কলমা, পোস্ট-ডেইরী ফার্ম
থানা-সাভার, জেলা-ঢাকা।

প্রতিপক্ষ : সাব-রেজিস্ট্রার
ও
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটি আই)
সাব-রেজিস্ট্রি অফিস
আশুলিয়া, ঢাকা।

সিদ্ধান্তপত্র

(তারিখ : ০৯-০৫-২০১৬ ইং)

অভিযোগকারী ০৬-০৯-২০১৫ তারিখে তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৮(১) ধারা অনুসারে আশুলিয়া সাব-রেজিস্ট্রার ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটি আই), আশুলিয়া, ঢাকা বরাবরে নিম্নলিখিত তথ্য জানতে চেয়ে আবেদন করেন-

- ক) চলতি বছরের ১৯ এপ্রিল আশুলিয়া সাব-রেজিস্ট্রার অফিসে সাফ কবলা দলিলের মাধ্যমে রেজিস্ট্রি করা ৫২১৫/১৫ নং দলিলের জমির শ্রেণী? এবং উল্লেখিত দলিলের নকল পেতে নিয়ম অনুযায়ী সরকারি ফিস বা রাজস্বের পরিমাণ? নকল উঠাতে কয়দিন সময় লাগতে পারে লিখিত চাই। আশুলিয়া গৌরীপুর মৌজার চলতি বছরের সরকারি ধার্যকৃত দর বা রেটের তালিকা।
 - খ) চলতি বছরে আশুলিয়া সাব-রেজিস্ট্রার অফিসে সাফ কবলা দলিলের মাধ্যমে রেজিস্ট্রি করা ১৮৭৪/১৫ নং দলিলের জমির শ্রেণী? এবং দাতা গ্রহীতার স্থায়ী ও অস্থায়ী ঠিকানা।
 - গ) জমির শ্রেণী পরিবর্তন করে দলিল সম্পাদন করলে সরকারী বিধি অনুযায়ী কি কি ধরনের পানিশম্যান্ট রয়েছে তার ধারা উপধারা উল্লেখসহ ফটোকপি পেতে চাই।
- ২। নির্ধারিত সময়ের মধ্যে প্রার্থিত তথ্য না পেয়ে অভিযোগকারী ১১-১০-২০১৫ তারিখে জেলা সাব-রেজিস্ট্রার ও আপীল কর্তৃপক্ষ (আরটিআই) রেজিস্ট্রেশন কমপ্লেক্স ভবন, ৪৪৬ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা বরাবরে এবং ২১-০১-২০১৬ তারিখে জেলা রেজিস্ট্রার ও আপীল কর্তৃপক্ষ (আরটিআই), রেজিস্ট্রেশন কমপ্লেক্স ভবন, ৪৪৬ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা আপীল আবেদন করেন। আপীল আবেদনের পরও কোন প্রতিকার না পেয়ে তিনি ২৪-০২-২০১৬ তারিখে তথ্য কমিশনে অভিযোগ দায়ের করেন।
- ৩। ১০-০৪-২০১৬ তারিখের সভায় অভিযোগটি শুনানীর জন্য গ্রহণ করে ০৯-০৫-২০১৬ তারিখ শুনানীর দিন ধার্য করে সমন জারী করার সিদ্ধান্তের প্রেক্ষিতে অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার প্রতি সমন জারী করা হয়।
- ৪। শুনানীতে অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা হাজির। অভিযোগকারী তার বক্তব্যে উল্লেখ করেন যে, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর নিকট ০১ নং অনুচ্ছেদে উল্লিখিত তথ্য চেয়ে আবেদন করেন। কিন্তু দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা অভিযোগকারীর প্রার্থিত তথ্য যথাসময়ে সরবরাহ না করে বরং কালক্ষেপণ করছেন।
- ৫। প্রতিপক্ষ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), তার বক্তব্যে উল্লেখ করেন যে, তথ্য প্রাপ্তির আবেদনপত্র আশুলিয়া সাব-রেজিস্ট্রি অফিসের পত্রগ্রহণ রেজিস্ট্রি খাতার মাধ্যমে গ্রহণ না করায় তিনি অভিযোগকারীর চাহিত তথ্য প্রাপ্তির আবেদনপত্রের ব্যাপারে জানতে না পারায় অভিযোগকারীকে যথাসময়ে তথ্য সরবরাহ করতে পারেন নি। তিনি আরো উল্লেখ করেন যে, অভিযোগকারীর চাহিত তথ্যাদি সাব-রেজিস্ট্রি অফিস আশুলিয়া, ঢাকা হতে সরবরাহ করা সম্ভব। এজন্য তিনি কমিশনের নিকট সময় প্রার্থনা করেন এবং অত্র অভিযোগ থেকে অব্যাহতি চেয়ে তিনি কমিশনের নিকট প্রার্থনা করেন।

পর্যালোচনা

উভয়পক্ষের বক্তব্য শ্রবণান্তে এবং দাখিলকৃত প্রমাণাদি পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) অভিযোগকারীর চাহিত তথ্যাদি সরবরাহ করার নিশ্চয়তা প্রদান করায় তথ্য কমিশনের নির্দেশনা অনুযায়ী অভিযোগটি নিষ্পত্তিযোগ্য মর্মে প্রতীয়মান হয়।

সিদ্ধান্ত।

বিস্তারিত পর্যালোচনান্তে নিম্নলিখিত নির্দেশনা প্রদানপূর্বক অভিযোগটি নিষ্পত্তি করা হলো :-

- ১। তথ্যের মূল্য পরিশোধ সাপেক্ষে এই সিদ্ধান্ত প্রাপ্তির পরবর্তী ১০ দিনের মধ্যে অভিযোগকারীকে তার প্রার্থিত পূর্ণাঙ্গ তথ্য, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী সরবরাহের জন্য সাব-রেজিস্ট্রার ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটি আই), সাব-রেজিস্ট্রি অফিস, আশুলিয়া, ঢাকা কে নির্দেশনা দেয়া হলো এবং তথ্যের মূল্য নির্ধারণ করে অভিযোগকারীকে মূল্য পরিশোধের জন্য ৫ কার্যদিবস সময় দিয়ে পত্র দেওয়ার জন্য নির্দেশনা দেওয়া হলো। তবে দলিলের নকল কপি রেজিস্ট্রেশন আইনের বিধান মোতাবেক প্রদেয় হবে।
- ২। তথ্য অধিকার আইন, ২০০৯ এর ধারা-৯ এবং তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা, ২০০৯ এর বিধি-৮ অনুযায়ী সরবরাহকৃত তথ্যের মূল্য বাবদ আদায়কৃত অর্থ ১-৩৩০১-০০০১-১৮০৭ নং কোডে সরকারী কোষাগারে জমা প্রদানের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কে নির্দেশ দেয়া হলো।
- ৩। নির্দেশনা বাস্তবায়ন/প্রতিপালন করে তথ্য কমিশনকে অবহিত করার জন্য উভয়পক্ষকে বলা হলো।

সংশ্লিষ্ট পক্ষগণকে অনুলিপি প্রেরণ করা হোক।

স্বাক্ষরিত
(প্রফেসর ড. খুরশীদা বেগম সাঈদ)
তথ্য কমিশনার

স্বাক্ষরিত
(নেপাল চন্দ্র সরকার)
তথ্য কমিশনার

স্বাক্ষরিত
(অধ্যাপক ড. মোঃ গোলাম রহমান)
প্রধান তথ্য কমিশনার

[বে.স]